দৈনিক সংবাদ

২৮/১০/২০০৫

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ০২ কলাম ... ৩ ...

# শিক্ষক সমিতি ফেডারেশনের ১৫টি সুপারিশ

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন ছাত্রছাত্রীদের চাকরির মানসিকতা পরিবর্তন, আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করা, যুব সমাজকে মাথাপিছু ৫০ হাজার টাকার ক্ষুদ্র ঋণ ও স্ব-উপার্জনে শিক্ষা খরচ পরিচালনা করার জন্য সেমিস্টার পদ্ধতি চালু করাসহ ১৫টি বিষয়ে সুপারিশ করেছে সরকারের কাছে। গতকাল শনিবার ফেডারেশনের সেক্রেটারি জেনারেল ও বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কাজি ফারুক আহমেদ সই করা এক বিবৃতিতে এ সুপারিশের কথা জানানো হয়।

অন্য প্রস্তাবগুলোর মধ্যে রয়েছে- সিলেবাস ও কারিকুলামে তত্ত্বীয় অপেক্ষা ব্যবহারিক শিক্ষা ও বাস্তব প্রশিক্ষণের ওপর বেশি গুরুত্ব দেয়া, দেশের প্রতিষ্ঠিত শিল্পপতি ও ব্যবসায়ীদের চাহিদা ও প্রয়োজন মোতাবেক কর্মী সৃষ্টির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে অর্থ বিনিয়োগে তাদেরকে উৎসাহ, শিক্ষক সংগঠনগুলোকে শুধু আর্থিক দাবি আদায়ের লক্ষ্যে সাংগঠনিক কর্মকাণ্ড পরিচালনার পরিবর্তে শিক্ষার মান উন্নয়নসহ বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণে উৎসাহিত করা এবং শিক্ষা, অর্থ, পরিকল্পনা, শ্রম ও জনশক্তি, যুব, বিজ্ঞান ও প্রযুক্তি, পর্যটন মন্ত্রণালয়ের সমন্বয়ে এবং শিক্ষক, শিল্পোদ্যোক্তা ও ব্যবসায়ীদের প্রতিনিধি নিয়ে 'জাতীয় মানব সম্পদ উন্নয়ন সমন্বয় কমিটি' গঠন ইত্যাদি।